

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০১৭-৭০৭

তারিখঃ ২৪ নভেম্বর ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ২৪ নভেম্বর ২০১৭খ্রি. অনুষ্ঠিত বিএসসি ইন নার্সিং কোর্সের কম্প্রহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষায় উত্তীর্ণদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু করা হবে। রেজিস্ট্রেশন ফরম সঠিকভাবে পূরণ করে ২৪ ডিসেম্বর ২০১৭খ্রি. রবিবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ পূর্বক জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিয়মাবলীঃ

১. প্রার্থীগণ স্ব-স্ব কলেজ হতে ফরম সংগ্রহ করে স্বহস্তে পূরণ পূর্বক অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সকল আবেদন একত্রে “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে কাউন্সিলে জমা দিবেন। বিচ্ছিন্নভাবে প্রার্থীর নিকট রেজিস্ট্রেশন আবেদন গ্রহণ ও ইস্যু করা হবে না;
২. রেজিস্ট্রেশনের জন্য নার্সদের নির্ধারিত পোষাক (ইউনিফর্ম) পরিহিত পাসপোর্ট সাইজের ছবি (ম্যাট পেপারে ল্যাব প্রিন্ট করা) এক কপি আইকা দিয়ে নির্দিষ্ট ছকে লাগানোর পর অধ্যক্ষ/ইনচার্জ স্বাক্ষর করবেন, যেন চেহারা টেকে না যায়।
৩. স্টুডেন্ট রেজিস্ট্রেশন, কম্প্রহেন্সিভ পরীক্ষার প্রবেশপত্র, প্রশংসাপত্র (টেস্টিমনিয়াল), এসএসসি, এইচএসসি’র সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) এবং বিশ্ববিদ্যালয়ের সনদপত্র (মূল/সাময়িক) সকল কাগজপত্রের ফটোকপি অধ্যক্ষের নামের সীলসহ সত্যায়িত করে ফরমের সাথে সংযুক্ত করতে হবে;
৪. ফরম পূরণকালে অবশ্যই এসএসসি, এইচএসসি ও বিএনসি’র স্টুডেন্ট রেজিস্ট্রেশন অনুযায়ী প্রার্থীর নাম, পিতা, মাতা ও ইনস্টিটিউট/কলেজের নাম ইংরেজীতে বড়হাতের অক্ষরে লিখতে হবে। এসএসসি সার্টিফিকেটের সাথে কাউন্সিল থেকে প্রাপ্ত স্টুডেন্ট রেজিস্ট্রেশন এ বর্ণিত নাম, পিতা-মাতার নামের বানানে পার্থক্য থাকলে তা সংশোধন করে নিতে হবে।
৫. বিএসসি ইন-নার্সিং কোর্সে উত্তীর্ণদের রেজিস্ট্রেশন ফি বাবদ জনপ্রতি ২,৫০০/= (দুই হাজার পাঁচশত) টাকা করে সকল প্রার্থীর ফি একত্রে একটি ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে বাংলাদেশ নার্সিং কাউন্সিল এর অনুকূলে ফরওয়ার্ডিং ও তালিকাসহ জমা দিতে হবে।
৬. রেজিস্ট্রেশন ইস্যুর জন্য স্ব-স্ব কলেজ কর্তৃপক্ষ রেজিস্ট্রার বহি সংরক্ষণ করবেন;
৭. রেজিস্ট্রেশন ইস্যু সংক্রান্ত কার্যক্রম অধ্যক্ষ-কে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ কলেজ কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন-এর আবেদন গ্রহণ ও প্রদানকালে প্রার্থীর নিকট হতে নির্ধারিত ফি ব্যতিত অতিরিক্ত টাকা গ্রহণ করতে পারবে না; অতিরিক্ত টাকা গ্রহণ অথবা প্রদান করা অথবা এতদসংক্রান্ত কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল- info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮/২০১৭-৭০৭

তারিখঃ ২৪/১১/২০১৭খ্রিঃ

অনুলিপিঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি স্বাস্থ্য উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর।
২. অধ্যক্ষ, নার্সিং কলেজ,
৩. নোটিশ বোর্ড (প্রার্থীদের অবগতির জন্য) নার্সিং কলেজ,
৪. হিসাব শাখা, বিএনএমসি।
৫. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. জনাব/ বেগম

রেজিস্ট্রার